

BENGALI

Paper—I

(Literature)

Time Allowed : Three Hours

Maximum Marks : 300

INSTRUCTIONS

Candidates should attempt Question Nos. 1 and 5 which are compulsory, and any **THREE** of the remaining questions, selecting at least **ONE** question from each Section.

The number of marks carried by each question is indicated at the end of the question.

Answers must be written in **BENGALI**.

Important Note

Whenever a question is being attempted, all its parts/sub-parts must be attempted contiguously. This means that before moving on to the next question to be attempted, candidates must finish attempting all parts/sub-parts of the previous question attempted. This is to be strictly followed.

Pages left blank in the answer-book are to be clearly struck out in ink. Any answers that follow pages left blank may not be given credit.

Section—A

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটির প্রত্যাশিত শব্দ সংখ্যা 100) : 12×5=60
- (a) নব্যভারতীয় আৰ্যভাষার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ বুকিয়ে দিন।
- (b) বাংলা ভাষার কালানুক্রমিক বিবর্তনে আদি-মধ্যযুগের বিশেষ লক্ষণগুলি পর্যালোচনা করুন।
- (c) বাংলায় উপভাষাগুলির জরিপ করে রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্য উল্লেখ করুন।
- (d) বাংলা ভাষায় ধ্বনি পরিবর্তনের প্রধান প্রবণতাগুলি উদাহরণসহ বিশদ করুন।
- (e) বাংলা ভাষায় কারক কয়টি? কারকের বিভক্তি উদাহরণসহ ব্যাখ্যা করুন।
2. (a) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে উৎসগত বিচারে আমরা যেসব বর্গে বিভক্ত করতে পারি, দৃষ্টান্তসহ তা স্পষ্ট করুন। 20
- (b) “বাংলা বাক্যাধিপেরও আছে দুই রাণী—একটাকে আদর করে নাম দেওয়া হয়েছে সাধু ভাষা; আর একটাকে কথ্য ভাষা, কেউ বলে চলতি ভাষা।” রবীন্দ্রনাথের এই মন্তব্যের আলোকে বাংলা গদ্যভাষায় সাধু রীতি ও চলিত রীতির আনুপাতিক গুরুত্ব আলোচনা করুন। 20
- (c) সাম্প্রতিক কালে প্রমিত বাংলা বানান ও বর্ণলিপি চালু করার জন্যে যেসব পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা পর্যালোচনা করুন। 20

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 20×3=60

- (a) “বাংলা ভাষায় স্ত্রীলিঙ্গবাচক শব্দ থাকলেও বাংলা ব্যাকরণে লিঙ্গ নেই।” উপযুক্ত উদাহরণসহ মন্তব্যটি সমর্থন বা খণ্ডন করুন।
- (b) বাংলা ভাষার বিভিন্ন ধরনের সংখ্যাবাচক শব্দের গঠন উদাহরণসহ আলোচনা করুন।
- (c) বাংলায় স্বরধ্বনির পরিবর্তন কী কী ভাবে হয়েছে তা উদাহরণসহ দেখান।

4. টীকা লিখুন : 6×10=60

অভিশ্রুতি; মূর্ধনীভবন; স্বরভক্তি; য-শ্রুতি; অর্ধতৎসম শব্দ; অর্থসংক্রম; বিষমীভবন; উস্মাধ্বনি; মৌলিক স্বরধ্বনি; জোড়কলম শব্দ।

Section—B

5. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটির প্রত্যাশিত শব্দসীমা 100) : 12×5=60

- (a) বাংলা ভাষায় লেখা প্রাচীনতম সাহিত্যিক দৃষ্টান্ত হিসাবে ‘চর্যাগীতিকোষ’-কে গ্রহণ করার যৌক্তিকতা আলোচনা করুন।
- (b) “মধ্যযুগের বাংলা ভাষার প্রথম মৌলিক সৃষ্টির নিদর্শন হল ‘শ্রীকৃষ্ণ কীর্তন’।” এই বক্তব্য সম্বন্ধে আপনার অভিমত বিশদ করুন।
- (c) উক্তকাল থেকে আরম্ভ করে মঙ্গলকাব্যের ক্রমবিকাশের ধারাটি সংক্ষেপে বিবৃত করে এই কাব্যগুলির জনপ্রিয়তার সম্ভাব্য কারণগুলি উল্লেখ করুন।

(d) আধুনিক জীবনী-সাহিত্যের লক্ষণের আলোকে চৈতন্য-আশ্রয়ী চরিত-সাহিত্য যথার্থ জীবনী-সাহিত্য বলা যায় কি? যে কোনো একটি চৈতন্যজীবনী অবলম্বনে বিষয়টি স্পষ্ট করুন।

(e) বাংলা সাহিত্যের ইতিহাসে আরাকান রাজসভায় রচিত কাব্যগুলির গুরুত্ব পর্যালোচনা করুন।

6. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 20×3=60

(a) মুকুন্দের ‘চণ্ডীমঙ্গলকাব্য’-এ পৌরাণিক ও লৌকিক ধারার সমন্বয় উদাহরণসহ আলোচনা করুন।

(b) বৈষ্ণব পদাবলী রচনায় বিদ্যাপতি ও চণ্ডীদাসের তুলনামূলক আলোচনা করুন।

(c) “কোনো কোনো বিশেষজ্ঞ বাংলা সাহিত্যের ইতিহাসে ষোড়শ শতাব্দীকে স্বর্ণযুগ বলেছেন।” এ বিষয়ে আপনার অভিমত যুক্তিসহ আলোচনা করুন।

7. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 20×3=60

(a) “প্রাক-আধুনিক জীবনদৃষ্টি থেকে আধুনিক বিশ্ববীক্ষায় উত্তরণের ফলে উনিশ শতকের বাংলা সাহিত্যে দেবকেন্দ্রিকতার পরিবর্তে মানবকেন্দ্রিকতা দেখা গিয়েছিল।” দৃষ্টান্ত দিয়ে মন্তব্যটি স্পষ্ট করুন।

(b) বাংলা গদ্যের বিবর্তনে ফোর্ট উইলিয়াম কলেজের ভূমিকা কতখানি গুরুত্বপূর্ণ বলে আপনি মনে করেন? উদাহরণ দিয়ে বোঝান।

(c) চরিত্রচিত্রণে ও কাহিনীবিন্যাসে ‘মেঘনাদবধ কাব্য’-এ পাশ্চাত্য প্রভাবের প্রকৃতি আলোচনা করুন।

8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

20×3=60

(a) “বাংলা গীতিকবিতার সূচনা হয়েছিল বিহারীলাল চক্রবর্তীর রচনায়।” আপনি কি একথা স্বীকার করেন? যুক্তিসহ আপনার অভিমত ব্যক্ত করুন।

(b) “শরৎচন্দ্র এবং তারাশঙ্কর উভয়েই রাঢ় বাঙলার জীবনচিত্র উপস্থিত করলেও উভয়ের দৃষ্টিভঙ্গী ও অঙ্কনরীতির যথেষ্ট পার্থক্য আছে।”

উপরোক্ত মন্তব্যটি সমর্থন বা খণ্ডন করুন।

(c) বিজন ভট্টাচার্যের ‘নবান্ন’ নাটকের চরিত্রচিত্রণ বিশ্লেষণ করুন।

★ ★ ★

